BGMEA

<u>বিজ্ঞপ্তি/২০২৫</u>

বিজিএ/মেম্বারশীপ/২০২৫/২৯৩

১৮ ডিসেম্বর ২০২৫

**বিষয়ঃ বিজিএমইএ'র নতুন সদস্যপদ প্রাপ্তির লক্ষ্যে নতুন মানদন্ড নির্ধারণ প্রসঙ্গে।**

বিজিএমইএ'র পরিচালনা পর্ষদ (২০২৫-২০২৭) দায়িত্ব গ্রহণের শুরু থেকেই ১০০% রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পের সার্বিক উন্নয়নে ধারাবাহিকভাবে কাজ করছে। বর্তমানে দেশের আর্থসামাজিক উন্নয়নে তৈরী পোশাক শিল্পকে টেকসই শিল্প হিসাবে ঘোষনা করার লক্ষ্যে বর্তমান বোর্ড নিরলসভাবে কাজ করে চলেছে। এরই ধারাবাহিকতায় দেশের তৈরী পোশাক খাতকে টেকসই ও যুগোপযোগী করতে গত ৫ নভেম্বর ২০২৫ তারিখে বিজিএমইএ পরিচালনা পর্ষদ (২০২৫-২০২৭) এর ৩য় নিয়মিত বোর্ড সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**১। নতুন সদস্যপদ প্রদানের ক্ষেত্রে সর্বনিম্ন ওভেন-১০০, নীট-১০০ এবং সোয়েটার-৬৫ মেশিন থাকতে হবে এবং কারখানার সর্বনিম্ন আয়তন ১৫,০০০ (পনেরো হাজার) বর্গফুট হতে হবে। শেয়ার (ব্যাংক, বীমা, মার্কেট সংশ্লিষ্ট ইত্যাদি) বিল্ডিংয়ে বিজিএমইএ'র সদস্যপদ প্রদান করা হবে না তবে যে সকল ভবনে বিদ্যমান পোশাক শিল্প প্রতিষ্ঠান রয়েছে, সে সকল ভবনে নতুন শিল্পের অনুমোদন করা যাবে।**

**২। বাতিলকৃত সদস্যপদ পুনর্বহাল এর ক্ষেত্রে বিজিএমইএ'র সমুদয় বকেয়া প্রদানসহ নবায়নকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র এবং কারখানা লাইসেন্স জমা প্রদান করতে হবে।**

**৩। স্থায়ী সদস্যপদ, কারখানা স্থানান্তর, কন্টিনিওয়াস বন্ড ও বন্ডের সুপারিশ প্রদানের ক্ষেত্রে পরিচালক/স্ট্যান্ডিং কমিটির সদস্য কর্তৃক সরেজমিনে পরিদর্শন ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।**

উক্ত বিষয়টি সকল সদস্যদের অবগতির জন্য জানানো হ'ল।

ধন্যবাদান্তে,

১৮/১২/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org